গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
অডিট ও সমন্বয় অধিশাখা
www.sid.gov.bd

নং-৫২.০০.০০০০.০১০.২২.০০৩.১৭-১৬৯

তারিখঃ ১৭ আষাঢ়, ১৪২৬ / ০১ জুলাই, ২০১৯

বিষয়ঃ সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ কর্তৃক মাঠ পর্যায়ে চলমান প্রকল্পসমূহের অগ্রগতি বিষয়ে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র বরিশাল বিভাগে কর্মরত কর্মকর্তাগণের সাথে অনুষ্ঠিত ভিডিও কনফারেন্স-এর কার্যবিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে ২৬ জুন ২০১৯ খ্রিঃ তারিখে সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ কর্তৃক মাঠ পর্যায়ে চলমান প্রকল্পসমূহের অগ্রগতি বিষয়ে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র বরিশাল বিভাগে কর্মরত কর্মকর্তাগণের সাথে অনুষ্ঠিত ভিডিও কনফারেন্স-এর কার্যবিবরণী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদ্‌সংগে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে ০১ (এক) পাতা।

শেখ মুর্শিদুল ইসলাম
উপসচিব
ফোন: ৫৫০০৭৩৮০

বিতরণ: জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়ঃ

০১। অতিরিক্ত সচিব (প্রশাসন/ উন্নয়ন/ তথ্য ব্যবস্থাপনা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।
০৩। মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।
০৪। যুগ্ম সচিব (তথ্য ব্যবস্থাপনা/বাজেট, অডিট ও সমন্বয়/প্রশাসন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা।
০৫। পরিচালক (এগ্রিকালচার উইং), বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।
০৬। উপসচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা।
০৭। প্রকল্প পরিচালক, MSVSB (২য় পর্যায়), বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।
০৮। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
০৯। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল) পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা
১০। সিস্টেম এনালিস্ট/প্রোগ্রামার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

Sid-003.P-105

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
অডিট ও সমন্বয় অধিশাখা
পরিকল্পনা মন্ত্রণালয়
www.sid.gov.bd

**সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ কর্তৃক মাঠ পর্যায়ে চলমান প্রকল্পসমূহের অগ্রগতি বিষয়ে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র বরিশাল বিভাগে কর্মরত কর্মকর্তাগণের সাথে অনুষ্ঠিত ভিডিও কনফারেন্স-এর কার্যবিবরণী:**

| | | |
|---|---|---|
| সভার তারিখ | : | ২৬-০৬-২০১৯ খ্রিঃ |
| সময় | : | বিকাল ৪.০০ ঘটিকা |
| স্থান | : | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সম্মেলন কক্ষ (ব্লক-এ) |
| সভাপতি | : | জনাব সৌরেন্দ্র নাথ চক্রবর্তী<br>সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ |

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা : পরিশিষ্ট "ক" সংযুক্ত

সভার শুরুতে বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগের কার্যালয়ে উপস্থিত বিভাগীয় কমিশনার জনাব রাম চন্দ্র দাস-সহ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র বরিশাল বিভাগে কর্মরত সকল কর্মকর্তাগণ-কে সভাপতি স্বাগত জানান। অত:পর সভাপতির অনুমতিক্রমে পরিচিতি পর্ব শেষে এ বিভাগের অতিরিক্ত সচিব (উন্নয়ন) জনাব বিকাশ কিশোর দাস আলোচ্যসূচি পাঠ করে শুনান। বিস্তারিত আলোচনার পর সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | সার্বিক তত্ত্বাবধানে |
|---|---|---|---|---|
| ১ | **চলমান প্রকল্পসমূহের অগ্রগতি বিষয়ে আলেচনা:**<br><br>বরিশাল বিভাগে চলমান উল্লেখযোগ্য প্রকল্পগুলির অগ্রগতি বিষয়ে সভায় আলোচনা করা হয়। প্রকল্পগুলি নিম্নরূপ:<br><br>I. কৃষি (শস্য, মৎস্য ও প্রাণীসম্পদ) শুমারি-২০১৮<br><br>গত ০৯/০৬/২০১৯ হতে ২০/০৬/২০১৯ তারিখ পর্যন্ত কৃষি (শস্য, মৎস্য ও প্রাণীসম্পদ) শুমারি-২০১৮-এর মূল শুমারি কার্যক্রম সম্পাদিত হয়েছে।<br><br>II. Monitoring the Situation of Vital Statistics in Bangladesh (MSVSB):<br><br>জন্ম, মৃত্যু'র তথ্য মাসিক ভিত্তিতে, বিবাহ/তালাকের তথ্য ত্রৈমাসিক ভিত্তিতে, খানার সদস্যদের আগমন/বহির্গমন ষাণ্মাসিক ভিত্তিতে এবং প্রতিবন্ধী ও HIV-AIDS-এর তথ্য বাৎসরিক ভিত্তিতে বিবিএস, প্রধান কার্যালয়ে প্রেরণ করা হয়। | বর্ণিত শুমারি/জরিপগুলির বিষয়ে বিস্তারিত আলোচনার পর নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ<br><br>ক) কৃষি শুমারির পূরণকৃত মালামাল যাচাইপূর্বক দ্রুত প্রকল্প পরিচালকের দপ্তরে প্রেরণ করতে হবে।<br><br>খ) আগামী ০১/০৭/২০১৯ খ্রি. তারিখ হতে MSVSB (২য় পর্যায়) প্রকল্পের তথ্য সংগ্রহ কার্যক্রম আপাতত স্থগিত রাখতে হবে। | প্রকল্প পরিচালক/ যুগ্ম-পরিচালক, বরিশাল | অতিরিক্ত সচিব (প্রশা:) SID এবং মহাপরিচালক বিবিএস |

| | | | | |
|---|---|---|---|---|
| ২ | **কৃষি পরিসংখ্যান:**<br>৬টি প্রধান ফসল তথা আউশ, আমন, রোরো, পাট, গম, আলু এবং ১১৮টি অপ্রধান ফসলের উৎপাদন বিষয়ে সভায় আলোচনা করা হয়। | প্রতিমাসে নির্ধারিত ফসলের উৎপাদনের হিসাব যথাসময়ে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো-তে প্রেরণ করতে হবে। | পরিচালক, এগ্রিকালচার উইং, বিবিএস | মহাপরিচালক বিবিএস |
| ৩ | **দরছক (বাজার মুল্য) প্রেরণ:**<br>১৩১৭টি পণ্যের দরছক নির্ধারিত ৪টি ফরমে গ্রাম ও শহরের বাজার হতে প্রতি মাসে সংগ্রহপূর্বক বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর প্রধান কার্যালয়ে প্রেরণ করা হয়ে থাকে। উক্ত দরছক বাংলাদেশের মুল্যস্ফীতি নির্ণয়ে সহায়তা করে থাকে। | প্রতিমাসে দরছক যথাসময়ে পূরণপূর্বক বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে। | পরিচালক, ন্যাশনাল অ্যাকাউন্টিং উইং, বিবিএস | মহাপরিচালক বিবিএস |
| ৪ | **বিবিধঃ**<br>ক) বিভাগীয় কমিশনার জনাব রাম চন্দ্র দাস জানান যে, অতীতে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সাথে বরিশাল বিভাগীয় কর্মকর্তাদের কোন ভিডিও কনফারেন্স অনুষ্ঠিত হয় নাই। পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ-এর বর্তমান সচিব জনাব সৌরেন্দ্র নাথ চক্রবর্তী মহোদয়ের উদ্যোগে সুন্দর একটি ভিডিও কনফারেন্স-এর আয়োজন করায় তিনি সচিব মহোদয়সহ সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ-এর সকল কার্যক্রমে বিভাগীয় কমিশনার, বরিশালের পক্ষ থেকে আরো বেশি সহয়তা করবেন মর্মে জানান।<br><br>খ) যুগ্ম-পরিচালক, বরিশাল জানান যে, বর্তমানে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র মাঠ পর্যায়ে কাজের পরিধি বেড়েছে, কিন্তু সে তুলনায় জনবল কম। কোন কোন উপজেলায় পার্শ্ববর্তী উপজেলায় কর্মরত কর্মকর্তাগণ অতিরিক্ত দায়িত্ব পালন করছেন। | ক) ভিডিও কনফারেন্স-এ সহায়তা করায় বিভাগীয় কমিশনার, বরিশাল-কে আন্তরিকভাবে ধন্যবাদ জানানো হয়। পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ-এর মাঠ পর্যায়ে চলমান শুমারি/জরিপ কাজে সহায়তা অব্যাহত রাখার জন্য অনুরোধ জানানো হ'ল।<br><br>খ) পর্যায়ক্রমে সকল উপজেলায় জনবল পদায়ন/নিয়োগের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক, এফএ এন্ড এমআইএস উইং, বিবিএস | অতিরিক্ত সচিব (প্রশা:) SID এবং মহাপরিচালক বিবিএস |

সভাপতি তাঁর সমাপনী বক্তব্যে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বরিশাল বিভাগে কর্মরত কর্মকর্তাগণসহ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র সকল কর্মকর্তাদের আরো আন্তরিকভাবে দায়িত্ব পালনের আহ্বান জানিয়ে নিম্নরুপ নির্দেশনা/ পরামর্শ প্রদান করেনঃ

ক) MSVSB (২য় পর্যায়) প্রকল্পের স্থানীয় তথ্য সংগ্রহকারীগণ যেন EMTS-এর মাধ্যমে যথাসময়ে সম্মানী পায় সে বিষয়টি নিশ্চিত করার জন্য প্রকল্প পরিচালক, MSVSB (২য় পর্যায়)-কে নির্দেশনা প্রদান করেন।

খ) পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো-এর কর্মকর্তাগণ-কে আন্তরিকতা ও নিষ্ঠার সহিত অর্পিত দায়িত্ব পালনে আরো তৎপর হওয়ার পরামর্শ প্রদান করেন।

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

সৌরেন্দ্র নাথ চক্রবর্তী
সচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ